আজকের কাগজ

105

তারিখ 26 DEC 1993
পৃষ্ঠা ৮ কলাম ৪

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন ৩০ ডিসেম্বর

আগামী ৩০ ডিসেম্বর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন অনুষ্ঠিত হবে। মনোনয়ন পত্র জমা দেয়ার শেষ তারিখ ২৬ ডিসেম্বর। মনোনয়ন বাছাই ২৭ ডিসেম্বর এবং প্রার্থিতা প্রত্যাহারের তারিখ ২৮ ডিসেম্বর। ভোট সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত চলবে। রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করছেন মীর্জা মকিজুদ্দিন।

উপাচার্য এবং উপাচার্য-বিরোধী দু'টি দলে মূলত ঃ নির্বাচন হচ্ছে। উপাচার্য-বিরোধী দলের নেতৃত্বে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির বর্তমান সভাপতি অধ্যাপক মুস্তাফিজুর রহমান। উপাচার্য সমর্থিত দলে যুগ্মভাবে নেতৃত্ব দিচ্ছেন অস্থায়ী উপাচার্য অধ্যাপক আবুল হোসেন এবং প্রাক্তন উপাচার্য কাজী সালেহ উদ্দীন আহমেদ। ইউএনবি।